

অধ্যক্ষ-উপাধ্যক্ষ পলাতক

তারাকান্দায় বঙ্গবন্ধু সরকারি কলেজ

তারাকান্দা (ময়মনসিংহ) প্রতিনিধি

২৭ আগস্ট ২০২৪, ১২:০০ এএম



তারাকান্দায় বঙ্গবন্ধু সরকারি কলেজের অধ্যক্ষ সাজ্জাদ আহমেদ ও উপাধ্যক্ষ গৌতম কুমার দাস পলাতক (অনুপস্থিত) থাকার অভিযোগ উঠেছে। সূত্র জানায়, শেখ হাসিনা সরকারের পতন হওয়ার পর থেকেই তারা পলাতক রয়েছেন। অধ্যক্ষ সাবেক গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদের ছোট ভাই হওয়ায় তার দাপট খাটিয়ে কলেজে ব্যাপক দুর্নীতি ও অনিয়মের রাজত্ব চালিয়েছেন। নিয়মবহির্ভূতভাবে বিএম শাখার প্রভাষক গৌতম কুমার দাসকে মোটা অঙ্কের ঘুষের বিনিময়ে উপাধ্যক্ষ পদে নিয়োগ দেন।

এতদিন তার বড় ভাইয়ের ক্ষমতার ভয়ে অন্যান্য প্রভাষক এই দুর্নীতির প্রতিবাদ করতে পারেননি। শিক্ষার্থীদের অভিযোগই প্রায় সময় সরকারি নিয়মনীতি ও নির্দেশনা তোয়াক্কা না করে অতিরিক্ত টাকা আদায় করতেন অধ্যক্ষ। তারাকান্দা উপজেলা নির্বাহী কর্মকর্তা নাজনিন সুলতানা জানান, শিক্ষার্থীদের লিখিত অভিযোগ পেয়েছি।